# রাষ্ট্রপতির পদত্যাগের গুঞ্জন, নতুন পছন্দের তালিকায় মন্ত্রিপরিষদ সচিব



ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন স্বাস্থ্যগত কারণ দেখিয়ে আগামী কয়েক দিনের মধ্যে পদত্যাগ করতে পারেন বলে দাবি করেছেন আল-জাজিরার অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের সামি। একই সঙ্গে পরবর্তী রাষ্ট্রপতি হিসেবে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণির নাম আলোচনায় রয়েছে বলেও উল্লেখ করেছেন তিনি।

বুধবার (২২ জুলাই) নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে জুলকারনাইন সায়ের সামি এসব দাবি করেন।

পোস্টে তিনি লেখেন, স্বাস্থ্যগত কারণ দেখিয়ে রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন আগামী কয়েক দিনের মধ্যে পদত্যাগ করতে যাচ্ছেন। তার দাবি, নতুন রাষ্ট্রপতি হিসেবে বিএনপির কোনো শীর্ষ নেতাকে না এনে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণিকে বিবেচনা করা হচ্ছে।

তবে রাষ্ট্রপতির পদত্যাগ বা নতুন রাষ্ট্রপতি হিসেবে মন্ত্রিপরিষদ সচিবের নাম বিবেচনার বিষয়ে এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক ঘোষণা বা সরকারি নিশ্চিতকরণ পাওয়া যায়নি।

LENS ASIA